

১-নিরু গ্রন্থ

দৈনিক খবর

শিক্ষামন্ত্রীর

আহবান

টঙ্গিপাড়া, ১৩ই সেপ্টেম্বর (তথ্য বিবরণী)।- শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, রাজনৈতিক মতপার্থক্য থাকা সত্ত্বেও শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে সচেষ্ট হওয়ার জন্য দলমত নির্বিশেষে সকলের প্রতি আহবান জানিয়েছেন।

মন্ত্রী আজ বিকেলে টঙ্গিপাড়া উপজেলা কলেজের তৃতীয় প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। এতে সভাপতিত্ব করেন কলেজ পরিচালনা পরিষদ চেয়ারম্যান ও জেলা প্রশাসক জনাব খালেদুজ্জামান। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন কলেজের অধ্যক্ষ মোস্তা মোহাম্মদ নূরুন্নবী এবং উপজেলা চেয়ারম্যান মনুখনাথ পোদ্দার। তিনি বলেন, বর্তমান সরকার গণতন্ত্রে বিশ্বাস করে এবং গণতান্ত্রিক পরিবেশে দলমতের পার্থক্য থাকবেই। কিন্তু শিক্ষাসহ এমন কতগুলো জাতীয় গুরুত্বপূর্ণ বিষয় আছে যেখানে সকলের ঐকমত্য প্রয়োজন।

মন্ত্রী বলেন, শুধুমাত্র আবকাঠামোগত পরিবর্তন ঘটিয়ে শিক্ষার মান উন্নয়ন সম্ভব নয়, বরং এক্ষেত্রে ছাত্র-শিক্ষক-অভিভাবকসহ সকলের সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

এর আগে মন্ত্রী গোপালগঞ্জ বঙ্গবন্ধু সরকারী কলেজ, বাগেরহাট জেলার মোস্তারহাটে খলিলুর রহমান কলেজ পরিদর্শন করেন।